



# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

## সংবাদ বিজ্ঞপ্তি

### বুটেক্সে ঐতিহাসিক ৭ মার্চ দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা এবং ভাবগাম্ভীর্য পরিবেশের মধ্য দিয়ে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হলো ঐতিহাসিক ৭ মার্চ। ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পনের মধ্য দিয়ে শুরু হয় বিশ্ববিদ্যালয়ের দিনের কার্যসূচী। শ্রদ্ধা নিবেদনে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে থাকা অধ্যাপক ড. শাহ আলিমুজ্জামান।

দিনটি উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন ছিল বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে।

আলোচনা সভায় অংশ নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীরা।

আলোচনা সভার প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক শাহ আলিমুজ্জামান বলেন, জাতীয় জীবনে ৭ই মার্চ তখনই অর্থবহ হয়ে উঠবে যখন প্রতিটি মানুষ বঙ্গবন্ধুর সেই দরাজ কণ্ঠের ভাষনের মর্মার্থ বুকে ধারণ করে সেই অনুযায়ী কাজ করবে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের তিনি বঙ্গবন্ধুর দেশপ্রেমের প্রতি উদ্ভুদ্ধ হওয়ার আহ্বানও জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) কাবেরী মজুমদার।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ে সিনিয়র অধ্যাপকবৃন্দ, সহযোগী ও সহকারী অধ্যাপকবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, কর্মকর্তা সমিতির সভাপতি এবং কর্মচারী সমিতির সভাপতি।